



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭



॥প্রেস বিজ্ঞপ্তি॥

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৪ তম জন্মদিন উপলক্ষে বায়তুল মুকাররম জাতীয় মসজিদে কুরআনখানি দোয়া ও মুনাজাত অনুষ্ঠিত

ঢাকা, সোমবার, ২৮ সেপ্টেম্বর ২০২০ ॥

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৪ তম জন্মদিন উপলক্ষে তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে আজ (২৮ সেপ্টেম্বর) সোমবার দুপুর ১২.০০টায় বায়তুল মুকাররম জাতীয় মসজিদে কুরআনখানি, দোয়া ও মুনাজাত অনুষ্ঠিত হয়। মিলাদ ও মুনাজাত পরিচালনা করেন বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম মুফতী মাওলানা মিজানুর রহমান।

মুনাজাতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং পনেরো আগস্টে শহীদদের রুহের মাগফিরাত কামনা করেও দোয়া করা হয়। এছাড়া দেশের শান্তি, সমৃদ্ধি ও উন্নতির জন্য মহান আল্লাহর দরবারে প্রার্থনা করা হয়। বাংলাদেশসহ সারাবিশ্ব যাতে করোনাভাইরাসের প্রভাব থেকে দ্রুত মুক্তিলাভ করে সেজন্যও দোয়া করা হয়।

মুনাজাতে ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক আনিস মাহমুদ, পরিচালক, উপ-পরিচালকবৃন্দ, কর্মকর্তা-কর্মচারী এবং ধর্মপ্রাণ মুসল্লীগণ অংশ নেন। এছাড়া আজ বাদ যোহর ইসলামিক ফাউন্ডেশনের সকল বিভাগীয়, জেলা ও উপজেলা কার্যালয়ের কেন্দ্রীয় মসজিদগুলোতেও মাননীয় প্রধানমন্ত্রীর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে দোয়া মুনাজাত ও কুরআন খতম করা হয়।

২৮/৯/২০

(শায়লা শারমীন)

সহকারী জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫-৩৫৩৬২৭৬